

রেকর্ড আয়ে জাপান এয়ারলাইনস

- A Monitor Desk Report

Date: 06 May, 2025



ঢাকাঃ মার্চে শেষ হওয়া অর্থবছরে জাপান এয়ারলাইনসের (জেএএল) আয় ১১ দশমিক ৬ শতাংশ বেড়ে ১ লাখ ৮৪ হাজার কোটি ইয়েন বা ১২৭ কোটি ডলারে পৌঁছেছে।

২০১২ সালে কোম্পানিটি পুনরায় পুঁজিবাজারে তালিকাভুক্তির পর এটি সর্বোচ্চ আয়, যার অনুঘটক ছিল অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে শক্তিশালী চাহিদা।

জেএএলের সিইও মিতসুকো তত্তোরির মতে, ওসাকায় চলমান ওয়ার্ল্ড এক্সপোজিশন আরো বেশি যাত্রী আকর্ষণ করবে। গত অর্থবছরে জেএএলের নিট মুনাফা ১২ শতাংশ বেড়ে হয়েছে ১০ হাজার ৭০৪ কোটি ইয়েন। অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক যাত্রী বেড়েছে যথাক্রমে ২ দশমিক ৯ ও ১৪ দশমিক ৪ শতাংশ।

-B